পৃষ্ঠা ৩

# নিজ বিদ্যালয় কেন্দ্রে পরীক্ষা দেয়ার দাবিতে দাউদকান্দিতে ছাত্রদের সড়ক অবরোধ

**শহীদুর রহমান বাবুল,** *দাউদকান্দি থেকে*

নিজ নিজ বিদ্যালয় কেন্দ্রে পরীক্ষা দেয়ার দাবিতে গতকাল রোববার দাউদকান্দির তিনটি বিদ্যালয়ের পাঁচ শতাধিক এসএসসি পরীক্ষার্থী বিক্ষোভ মিছিল, ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক অবরোধ ও যানবাহন ভাংচুর করেছে এবং কয়েকটি গাড়ির চাবি ছিনিয়ে নিয়েছে। এ ঘটনায় পুলিশের লাঠিচার্জে ১০ ছাত্র আহত হয়েছে এবং চার ছাত্রকে গ্রেফতার করেছে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, দাউদকান্দি পাইলট উচ্চ বিদ্যালয়, গৌরীপুর সুবল আফতাব উচ্চ বিদ্যালয় এবং ইলিয়টগঞ্জ উচ্চ বিদ্যালয়ের পাঁচ শতাধিক এসএসসি পরীক্ষার্থী সকাল ১০টায় দাউদকান্দি উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে একত্রিত হয়। তারা সরকারের সিদ্ধান্ত বাতিল করে নিজ নিজ বিদ্যালয় কেন্দ্রে পরীক্ষা দেয়ার দাবিতে সাড়ে ১০টার দিকে ব্যানারসহ মিছিল নিয়ে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের টোলপ্লাজা থেকে বিশ্ব রোড পাপিয়া বাসস্ট্যান্ড পর্যন্ত মিছিল করে। এরপর গাজীপুর নামক স্থানে এসে কয়েকটি বাস এলোপাতাড়িভাবে থামিয়ে মহাসড়কে অবরোধ সৃষ্টি করে এবং গাড়ির চালকদের কাছ থেকে চাবি ছিনিয়ে নেয়। খবর শুনে দাউদকান্দি থানার ওসি নাজিমউদ্দিন ফোর্সসহ ঘটনাস্থলে ছুটে আসেন এবং ছাত্রদের লাঠিচার্জ করে ছত্রভঙ্গ করে দেন। এতে কমপক্ষে দশ ছাত্র আহত হয়। এ সময় বিক্ষুব্ধ ছাত্ররা ৭/৮টি যানবাহন ভাংচুর করে ব্যাপক ক্ষতি সাধন করে। পুলিশ আবারও ছাত্রদের ধাওয়া করে চার ছাত্রকে আটক করে। আটককৃতরা হচ্ছে– রায়হানুল হাসান, শিশির মণ্ডল, সোহেল ফকির, এনামুল হক।

অবরোধের ফলে মহাসড়কের দু'পাশে বিশাল যানজটের সৃষ্টি হয়। পুলিশের লাঠিচার্জ ও ছাত্রদের যানবাহন ভাংচুরের সময় অনেক যাত্রী প্রাণভয়ে গাড়ি ছেড়ে বিভিন্ন দিকে ছোটাছুটি করতে থাকে। গাড়ি ভাঙার সময় কাচের আঘাতে পাঁচ যাত্রী আহত হয়েছে। পুলিশ অনেক চেষ্টার পর দুপুর ১২টার দিকে স্বাভাবিক যান চলাচল নিশ্চিত করে। এলাকায় থমথমে অবস্থা বিরাজ করছে।